

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
dckishoreganj@mopa.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

নং-০৫.৪১.৪৮০০.০০১.১৪.০০১.২৩- ৫১৭

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

গণ-বিজ্ঞপ্তি


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোহাম্মদ আবুল কালাম আজাদ, জেলা প্রশাসক, কিশোরগঞ্জ ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৯.২৩-৭২২ নং প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮ ঘটিকা হতে বিকাল ৪ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১৬৬ কিশোরগঞ্জ-৫ (নিকলী ও বাজিতপুর) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নিকলী/বাজিতপুর) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখঃ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


২৫.১১.২০২৩
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেলা প্রশাসক, কিশোরগঞ্জ

ও
রিটার্নিং অফিসার
১৬৬ কিশোরগঞ্জ-৫ (নিকলী ও বাজিতপুর)
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪
ফোনঃ ০২৯৯৭৭-৬১৪৯৩
ই-মেইল: dckishoreganj@mopa.gov.bd

নং-০৫.৪১.৪৮০০.০০১.১৪.০০১.২৩- ৫১৭


তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক(গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

চলমান পাতা-০২

- ৫। যুগ্ম সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৬। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৭। অধিনায়ক, ৩১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন (বিজিবি), নেত্রকোনা
- ৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৯। পুলিশ সুপার, কিশোরগঞ্জ
- ১০। জেলা নির্বাচন অফিসার, কিশোরগঞ্জ
- ১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কিশোরগঞ্জ
- ১২। সিনিয়র জেলা তথ্য অফিসার, কিশোরগঞ্জ (তৌকে গণ-বিজ্ঞপ্তি নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১৩। উপজেলা নির্বাহী অফিসার, নিকলী/বাজিতপুর, কিশোরগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার (তৌকে গণ-বিজ্ঞপ্তি নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১৪। কোম্পানি কমান্ডার, র‍্যাব-১৪, সিপিসি-২, কিশোরগঞ্জ
- ১৫। উপজেলা নির্বাচন অফিসার, নিকলী/বাজিতপুর, কিশোরগঞ্জ (তৌকে গণ-বিজ্ঞপ্তি নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১৬। অফিসার ইনচার্জ, নিকলী/বাজিতপুর থানা, কিশোরগঞ্জ
- ১৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নিকলী/বাজিতপুর, কিশোরগঞ্জ
- ১৮। সভাপতি/সাধারণ সম্পাদক, কিশোরগঞ্জ প্রেসক্লাব/জেলা প্রেসক্লাব, কিশোরগঞ্জ/নিকলী/বাজিতপুর প্রেসক্লাব, নিকলী/বাজিতপুর, কিশোরগঞ্জ
- ১৯। নোটিশ বোর্ড।



জেলা প্রশাসক, কিশোরগঞ্জ

ও

রিটার্নিং অফিসার

১৬৬ কিশোরগঞ্জ-৫ (নিকলী ও বাজিতপুর)

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

ফোনঃ ০২৯৯৭৭-৬১৪৯৩

ই-মেইল: dckishoreganj@mopa.gov.bd